



## বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।

website: [www.bb.org.bd](http://www.bb.org.bd)

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৬৩

১২ অগ্রহায়ণ ১৪৩০

তারিখ: -----

২৭ নভেম্বর ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

### জাহাজ নির্মাণকারী শিল্প প্রতিষ্ঠানের ঋণ/বিনিয়োগ হিসাব পুনঃতফসিলিকরণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১২, তারিখ: ২০ জুন ২০২৩ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৮, তারিখ: ১২ সেপ্টেম্বর ২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ০২। উল্লিখিত সার্কুলার এবং সার্কুলার লেটারের আওতায় ঋণ/বিনিয়োগ হিসাব পুনঃতফসিলিকরণের লক্ষ্যে ডাউন পেমেন্ট বাবদ প্রয়োজনীয় অর্থ নগদে জমাদানপূর্বক গ্রাহক কর্তৃক সংশ্লিষ্ট ব্যাংকের নিকট আবেদন দাখিলের সময়সীমা ৩০ নভেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত নির্ধারিত ছিল। কিন্তু নিয়ন্ত্রণ বহির্ভূত বিভিন্ন কারণে এ খাতের উল্লেখযোগ্য সংখ্যক গ্রাহক অদ্যাবধি সার্কুলারে বর্ণিত সুবিধা গ্রহণের লক্ষ্যে ডাউন পেমেন্ট প্রদান ও অন্যান্য শর্তাদি পূরণ করে সংশ্লিষ্ট ব্যাংক বরাবর আবেদন দাখিলে সমর্থ হয়নি মর্মে জানা যায়।
- ০৩। এমতাবস্থায়, গ্রাহক কর্তৃক ডাউন পেমেন্ট বাবদ প্রয়োজনীয় অর্থ নগদে জমাদানপূর্বক ব্যাংকের নিকট আবেদন দাখিলের সময়সীমা ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।
- ০৪। এতদ্ব্যতীত, উল্লিখিত সার্কুলার এবং সার্কুলার লেটারে বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
- ০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২